

রেজিস্টার্ড নং ডি এ-১



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৭, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গবেষণা ও নীতি অনুবিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ০১ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/১৭ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

নং ৪৯.০০.০০০০.০৪২.০২.০৫৪.২১-১৩৬—প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ২৫ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত জাতীয় শ্রম-অভিবাসন ফোরামের ৩য় সভায় গৃহীত ৮.১ নং সিদ্ধান্ত অনুযায়ী অভিবাসনে সুশাসন জোরদারকরণের লক্ষ্যে নিম্নরূপ আন্তঃমন্ত্রণালয় সমন্বয় কমিটি গঠন করা হলো:

(ক) শ্রম-অভিবাসন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সমন্বয় কমিটির কাঠামো :

১। অতিরিক্ত সচিব (প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) —	আহ্বায়ক
২। পররাষ্ট মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়) —	সদস্য
৩। অর্থ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়) —	সদস্য
৪। সুরক্ষা সেবা বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়) —	সদস্য
৫। স্বাস্থ্য সেবা বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়) —	সদস্য
৬। স্থানীয় সরকার বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়) —	সদস্য
৭। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়) —	সদস্য
৮। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়) —	সদস্য
৯। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়) —	সদস্য
১০। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়) —	সদস্য

(১৭২২৩)
মূল্য : টাকা ৮.০০

- ১১। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ-এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়) — সদস্য
- ১২। কারিগরি ও মানুসামী শিক্ষা বিভাগ-এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়) — সদস্য
- ১৩। বাংলাদেশ পুলিশ-এর প্রতিনিধি (ডিআইজি পদমর্যাদার নিম্নে নয়) — সদস্য
- ১৪। পাসপোর্ট অধিদপ্তরের প্রতিনিধি (পরিচালক পর্যায়ের নিম্নে নয়) — সদস্য
- ১৫। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নয়) — সদস্য
- ১৬। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যূরোর প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নয়) — সদস্য
- ১৭। ওয়েজে আর্নার্স কল্যাণ বোর্ডের প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নয়) — সদস্য
- ১৮। উপসচিব (আইন প্রণয়ন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় — সদস্য-সচিব

(খ) শ্রম-অভিবাসন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সমন্বয় কমিটির কর্মপরিধি:

- ১। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত সেবাসমূহ যেগুলোর সুবিধাভোগী অভিবাসী কর্মীরাও হতে পারেন সেগুলো চিহ্নিত করা, পরিমার্জন ও পরিবর্ধন করা এবং তাদের সাথে সমন্বয় সাধন ও প্রচার করা;
- ২। আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী/বেসরকারী প্রতিষ্ঠান (এনজিও)/সুশীল সমাজ সংগঠন (সিএসও) ইত্যাদি প্রতিষ্ঠানসমূহ অভিবাসী কর্মীদেরকে যেসকল সেবা প্রদান করে থাকে সেগুলো চিহ্নিত করা, পরিমার্জন ও পরিবর্ধন করা এবং তাদের সাথে সমন্বয় সাধন ও প্রচার করা;
- ৩। অভিবাসী কর্মীরা বিভিন্ন সময়ে দেশে ও বিদেশে যে সকল সমস্যার সম্মুখীন হন সেগুলো উত্তরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও উপযুক্ত কর্তৃপক্ষ বরাবর সুপারিশ প্রদান করা;
- ৪। বৈদেশিক কর্মসংস্থানের জন্য নতুন শ্রমবাজার অনুসন্ধানে স্ব স্ব ক্ষেত্রে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক তা বাস্তবায়নের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ বরাবর সুপারিশ প্রদান করা;
- ৫। অভিবাসী কর্মীগণ দেশে প্রত্যাবর্তনের পর তাদের টেকসই পুনঃএকট্রীকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও সহায়তার সুপারিশ প্রদান করা;
- ৬। এ কমিটি প্রয়োজনে যে কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. নাশিদ রিজওয়ানা মনির
উপসচিব।